## *নতুন বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে –*
## *বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়, বিদ্যুৎ বিভাগ*
## *কর্তৃক নির্দেশিত সংশোধিত পরিপত্র (২৩ অক্টোবর, ২০২৩ খ্রিঃ)*

ভবনের ছাদে কমপক্ষে ১০০০ বর্গফুট জায়গা থাকলে নেট মিটারিং পদ্ধতিতে রুফটপ সোলার প্যানেল স্থাপন করতে হবে। এক্ষেত্রেঃ

১। আবাসিক গ্রাহকগণের ক্ষেত্রেঃ

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে গ্রাহক আগ্রহী হলে রুফটপ সোলার সিস্টেম স্থাপন করতে পারবে; এবং

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

২। শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের ক্ষেত্রেঃ

১০ বা তদূর্ধ্ব কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত বিদ্যুৎ গ্রাহকগণের অনুমোদিত লোডের ১০% ক্ষমতার সোলার সিস্টেম নেট মিটারিং নির্দেশিকা-২০১৮ (সর্বশেষ সংশোধিত) অনুসরণ করে স্থাপন করতে হবে। তবে অনূর্ধ্ব ১০ কিলোওয়াট লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকগণ আগ্রহী হলে রুফটপ সোলার সিস্টেম বসাতে পারবেন এবং স্থাপিত সিস্টেমের ক্ষমতা ১ কিলোওয়াটের (১০০০ ওয়াট) বেশি হলে নেট মিটারিং নির্দেশিকা অনুসরণে তা করতে হবে।

৩। শিক্ষা প্রতিষ্ঠান, হাসপাতাল ও দাতব্য প্রতিষ্ঠানঃ

ক) সিঙ্গেল ফেজ (Single Phase) সংযোগের ক্ষেত্রে প্রতিষ্ঠান আগ্রহী হলে সোলার সিস্টেম স্থাপন করতে পারবে।

খ) থ্রি ফেজ (Three Phase) সংযোগের ক্ষেত্রে ১০ (দশ) কিলোওয়াট বা তদূর্ধ্ব লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের কমপক্ষে ১ (এক) কিলোওয়াট (১০০০ ওয়াট) নেট মিটারিং সোলার সিস্টেম স্থাপন করতে হবে।

৪। ইতোমধ্যে বিদ্যুৎ সংযোগ প্রাপ্ত গাহকগণ যারা বরাদ্দকৃত লোড বৃদ্ধি করতে চান তাদেরকেও অতিরিক্ত অনুমোদিত লোডের উপর উল্লিখিত হার অনুযায়ী সোলার সিস্টেম স্থাপন করতে হবে।